

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭ তম জন্মবার্ষিকী ২০২১ উদযাপনের লক্ষ্যে
প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	এম কাজী এমদাদুল ইসলাম জেলা প্রশাসক
সভার তারিখ	০৩ অক্টোবর ২০২১
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	Zoom Application এর মাধ্যমে
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে শূভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতেই স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী সকল শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করা হয়। বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর স্মৃতির প্রতি ও গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। সভায় জানানো হয়, মন্ত্রিপরিষদ বিভাগের ২৬ আগস্ট ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৪৪৩ নম্বর পরিপত্র অনুযায়ী প্রতি বছর ১৮ অক্টোবর বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্মবার্ষিকী 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সভায় সার্বিক আলোচনা শেষে চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে শেখ রাসেলের জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে নিম্নবর্ণিত কর্মসূচি পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	তারিখ, বার ও সময়	কর্মসূচি	স্থান	বাস্তবায়নকারী
১.	১৮ অক্টোবর ২০২১ সকাল ১১.০০ ঘটিকা	(ক) শেখ রাসেলের জীবনী নিয়ে সেমিনার আয়োজন (খ) সেমিনারে শেখ রাসেলের জীবনের বিভিন্ন দিক আলোকপাত করে পেপার প্রেজেন্টেশন ও প্রামাণ্যচিত্র প্রদর্শন	জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ	১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট ২. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট ৩. জেলা তথ্য অফিসার, সিলেট
২.	১৮ অক্টোবর ২০২১ সকাল ১২.০০ ঘটিকা	শেখ রাসেলকে নিয়ে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার জেলা ও বিভাগীয় পর্যায়ে বিজয়ী শিশুদের মাঝে সনদ ও পুরস্কার বিতরণ	জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ	১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট ২. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট
৩.	১৮ অক্টোবর ২০২১ সুবিধাজনক সময়ে	শেখ রাসেলকে নিয়ে স্কুল ও কলেজ পর্যায়ে অনলাইন কুইজ প্রতিযোগিতা	ভার্চুয়ালি	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট ২. জেলা শিক্ষা অফিসার, সিলেট ৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট ৪. সহকারী কমিশনার (আইসিটি), সিলেট

৪	১৮ অক্টোবর ২০২১ সুবিধাজনক সময়ে	(ক) শিক্ষকরা প্রত্যেক ক্লাসে ছাত্র- ছাত্রীদের শেখ রাসেলের জীবনী পাঠ করে শুনানো (খ) শেখ রাসেলের উপর প্রামাণ্যচিত্র প্রদর্শনী	স্ব-স্ব প্রতিষ্ঠান	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট ২. জেলা শিক্ষা অফিসার, সিলেট ৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট ৪. জেলা তথ্য অফিসার, সিলেট
৫.	১৮ অক্টোবর ২০২১	শহরের গুরুত্বপূর্ণ মোড়ে ও সরকারি দপ্তরের সামনে শেখ রাসেলের ছবি সম্বলিত ব্যানার ও ফেস্টুন টানানো	শহরের গুরুত্বপূর্ণ স্থান ও সরকারি দপ্তরের সম্মুখে	১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট ২. দপ্তর প্রধান (সকল), সিলেট
৬.	১৮ অক্টোবর ২০২১	সিলেট জেলার সকল সরকারি দপ্তর/অফিসে একই ডিজাইনের 'শেখ রাসেল আমার ভালোবাসা' শিরোনামে ড্রপডাউন ব্যানার টানানো	স্ব-স্ব প্রতিষ্ঠান	১. দপ্তর প্রধান (সকল), সিলেট ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
৭.	১৮ অক্টোবর ২০২১	শেখ রাসেলের রুহের মাগফেরাত কামনা করে প্রত্যেক মসজিদ (বাদ জোহর) এবং মন্দিরে (সুবিধাজনক সময়ে) দোয়া ও বিশেষ প্রার্থনা আয়োজন	---	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট ২. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট
৮.	১৮ অক্টোবর ২০২১	জেলার কর্মসূচির সাথে সংগতি রেখে উপজেলা পর্যায়ে স্ব স্ব কর্মসূচি পালন	সরাসরি/ভার্চুয়ালি	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
৯.	১৮ অক্টোবর ২০২১	শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রে দিবসের সাথে সংগতিপূর্ণ বিভিন্ন কর্মসূচি গ্রহন	শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট

সভাপতি আগামি ১৮ অক্টোবর ২০২১ তারিখে শেখ রাসেলের জন্ম বার্ষিকী 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে যথাযোগ্য মর্যাদায় প্রথমবারের মত উদযাপন নিশ্চিত করতে সার্বিক নিরাপত্তা বিধানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.২৩.০০৫.২১.৭৫১

তারিখ: ২০ আশ্বিন ১৪২৮

০৫ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ২) বিভাগীয় কমিশনার, সিলেট
- ৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন
- ৪) পুলিশ সুপার, সিলেট
- ৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
- ৬) সিভিল সার্জন, সিলেট
- ৭) উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
- ৮) উপপুলিশ কমিশনার (সদর ও প্রশাসন), এসএমপি
- ৯) নির্বাহী প্রকৌশলী (সকল), সিলেট

- ১০) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট জেলা আওয়ামীলীগ
- ১১) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট মহানগর আওয়ামীলীগ
- ১২) চেয়ারম্যান উপজেলা পরিষদ (সকল), সিলেট
- ১৩) উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), সিলেট
- ১৪) পরিচালক/উপপরিচালক, (সকল), সিলেট
- ১৫) জেলা কর্মকর্তা/ অফিসার, সিলেট
- ১৬) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, সিলেট
- ১৭) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট
- ১৮) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট (জেলা প্রশাসনের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশের জন্য)
- ১৯) জনাব,



এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক